

স্মারক নং ০৫.১০.০৯০০.০০৬.১২.০০১.২০১৮-১৫২

তারিখ: ১৯/০১/২০১৮খ্রি:

নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের অধিশাখা-২(মাঠ প্রশাসন) এর ০২.০১.২০১৮ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০১৭.১৭-৬ নং স্মারকে প্রাপ্ত ছাড়পত্রের প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা এর রাজস্ব প্রশাসনের নিম্নবর্ণিত শূন্য পদ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ভোলা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নোক্ত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১	৩	৪	৫
অফিস সহায়ক	গ্রেড- ২০ : ৮২৫০ - ২০০১০/-	০৮ (আট)	অষ্টম শ্রেণী পাস

শর্তাবলী


- ০১। প্রার্থীকে অবশ্যই জনসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও ভোলা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ০২। প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমে স্ব-হস্তে আবেদন করতে হবে।
- ০৩। সরকার কর্তৃক চাকরির নির্ধারিত আবেদন ফরমে জেলা প্রশাসক, ভোলা বরাবরে করে আগামী ২৮.০২. ২০১৮ খ্রি. তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে জেলা প্রশাসক, ভোলা এর কার্যালয়ে ডাকযোগে/সরাসরি ফ্রন্টডেস্ক শাখায় আবেদন পৌঁছাইতে হবে। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য হবে না। খামের উপর পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বামপার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি জেলা প্রশাসক, ভোলা এর ওয়েব সাইট ([www.bhola.gov.bd](http://www.bhola.gov.bd)), জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা এর রাজস্ব শাখায় এবং ([www.forms.gov.bd](http://www.forms.gov.bd)), ওয়েবসাইট হতে সংগ্রহ করা যাবে। এ ছাড়া ভোলা জেলার প্রতিটি ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে আবেদন ফরম ডাউনলোড করা যাবে।
- ০৪। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।
- ০৫। প্রার্থীর বয়স ২৮.০২.২০১৮ খ্রি. তারিখে ১৮ হতে ৩০ বছর এর মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ০৬। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ
  - (ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি। সত্যায়নকারী কর্মকর্তার নাম ও পদবীযুক্ত স্পষ্ট সীল থাকতে হবে।
  - (খ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি।
  - (গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
  - (ঘ) শিক্ষাগত যোগ্যতা ও সকল অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সিল দ্বারা সত্যায়িত)।
  - (ঙ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নামযুক্ত সিলসহ চারিত্রিক সনদপত্র।
  - (চ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনের ক্ষেত্রে প্রার্থীদের নির্ধারিত ফরমের সাথে নিম্নোক্ত ছকে বর্ণিত তথ্য উল্লেখ পূর্বক সংশ্লিষ্ট সকল সনদের সত্যায়িত কপি আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে।

প্রার্থীর নাম	মুক্তিযোদ্ধার নাম	মুক্তিযোদ্ধার পিতার নাম	মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা	মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ	মুক্তিবার্তা নম্বর ও তারিখ	সেজেট নম্বর ও তারিখ	মন্ত্রণালয়ের সনদ নম্বর ও তারিখ	বামস সনদ নম্বর ও তারিখ	মুক্তিযোদ্ধার নাতি- নাতনীর ক্ষেত্রে পিতা- মাতার জাতীয় পরিচয়পত্র	মুক্তিযোদ্ধার সাথে প্রার্থীর সম্পর্ক প্রমাণের জন্য স্থানীয় ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত উত্তরাধিকারের ধারাবাহিকতার সনদ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২

(ছ) উল্লেখিত পদে পরীক্ষার ফি বাবদ কোড নং ১/৪৬০১/০০০১/২৬৮১ খাতে ৫০/ (পঞ্চাশ) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে সোনালী ব্যাংকে লিমিটেড জমা দিয়ে চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

- ০৭। পদের নাম ও প্রার্থীর নাম-ঠিকানা সংবলিত ১০/- (দশ) টাকার ডাকটিকিট লাগানো ১০ইঞ্চি x ৪.৫ইঞ্চি আকারের একটি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৮। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র এবং ত্রুটিপূর্ণ/ অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৯। সরকারি বা আধা-সরকারি সংস্থায় চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। এক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
- ১০। সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধা/প্রতিবন্ধী/ আনসার ভিডিপি প্রভৃতি কোটা সংক্রান্ত বিধি-বিধান অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে তার দাবির সমর্থনে যথাযথ কর্তৃপক্ষের সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।
- ১১। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল এবং তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

- ১২। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র ও কোটা সম্পর্কিত প্রমাণক/সনদপত্রের মূলকপি উপস্থাপন/দাখিল করতে হবে।
- ১৩। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।
- ১৪। কোন কারণ দর্শনো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলি পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- ১৫। প্রার্থীদের নির্বাচনী/লিখিত, মৌখিক বা অন্য কোন পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ /ডিএ প্রদান করা হবে না।



(মোহাম্মদ সেলিম উদ্দিন)

জেলা প্রশাসক  
ভোলা।

ফোনঃ ০৪৯১-৬২৪০০ (অফিস)

ফোনঃ ০৪৯১-৬২৪৩৬ (বাংলো)

মোবাইলঃ ০১৭১৫-২১১৮৯৯

e-mail:dcbhola@moestab.gov.bd

স্মারক নং ০৫.১০.০৯০০.০০৬.১২.০০১.২০১৮-১০২

তারিখঃ ১২/০১/২০১৮খ্রি:

অনুলিপি- সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

- ০১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
- ০৫। বিজ্ঞ জেলা ও দায়রা জজ, ভোলা।
- ০৬। উপ-সচিব, (উদ্বৃত্ত কর্মচারী শাখা) জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (এ প্রসঙ্গে ভূমি মন্ত্রণালয়ের অধিশাখা-২(মাঠ প্রশাসন) এর ০২.০১.২০১৮ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০১৭.১৭-৬ নং পত্র উল্লেখ্য)।
- অনুলিপি- অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-
- ০৭। জেলা প্রশাসক, বরিশাল/পটুয়াখালী/বরগুনা/ঝালকাঠী/পিরোজপুর।
- ০৮। পুলিশ সুপার, ভোলা।
- ০৯। প্রধান নিবাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ভোলা।
- ১০। উপপরিচালক স্থানীয় সরকার, ভোলা।
- ১১। সিভিল সার্জন, ভোলা।
- ১২। মেয়র, ভোলা পৌরসভা, ভোলা।
- ১৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ভোলা।
- ১৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভোলা সদর/দৌলতখান/বোরহানউদ্দিন/তজুমদ্দিন/লালমোহন/চরফ্যাশন/মনপুরা, ভোলা (তার কার্যালয়ে নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।
- ১৫। উপজেলা নিবাহী অফিসার, ভোলা সদর/দৌলতখান/বোরহানউদ্দিন/তজুমদ্দিন/লালমোহন/চরফ্যাশন/মনপুরা, ভোলা।
- ১৬। সহকারী কমিশনার (ভূমি), ভোলা সদর/দৌলতখান/বোরহানউদ্দিন/তজুমদ্দিন/লালমোহন/চরফ্যাশন/মনপুরা, ভোলা।
- ১৭। সহকারী কমিশনার, আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা (বিজ্ঞপ্তি এ কার্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।
- ১৮। জেলা হিসাব রক্ষণ অফিসার, ভোলা।
- ১৯। উপজেলা হিসাব রক্ষণ অফিসার, দৌলতখান/বোরহানউদ্দিন/তজুমদ্দিন/লালমোহন/চরফ্যাশন/মনপুরা, ভোলা।
- ২০। জেলা তথ্য অফিসার, ভোলা।
- ২১। সম্পাদক দৈনিক.....পত্রিকা (তাকে বিজ্ঞপ্তিটি তারিখের সংখ্যায় ১(এক) দিনের জন্য ১বার ভিতরের পাতায় ৪ কলামে ১০ ইঞ্চিতে প্রকাশ করে পত্রিকার ৫(পাঁচ) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ২২। নোটিশ বোর্ড।



জেলা প্রশাসক  
ভোলা।